Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২্ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২্ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৬ই আশ্বিন বুধবার ১৩৬৬ ইংরাজী 23rd Sept. 1959 { ১৯শ সংখ্যা






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৬ই আশ্বিন বুধবার সন ১৩৬৬ সাল।

# পশ্চিম বঙ্গ আইন সভায় আইন-অমান্য

—০—

গত ২১শে সেপ্টেম্বর সোমবার পশ্চিম বঙ্গের আইন সভার শরৎকালীন শারদীয় অধিবেশনে সভার সভ্যগণ (?) যে সভ্যতার নিদর্শন দেখাইয়াছেন, তাহা কখন কোন সভ্য-দেশে ইতিপূর্ব্বে ঘটিয়াছে কি না জানি না। এই সভায় যিনি সভাপতিত্ব করেন তাঁকে স্পীকার বলে। স্পীকার কেহ বাহাল না হওয়ায় ডেপুটি স্পীকার খুব সদালাপী মিষ্টভাষী শ্রীআশুতোষ মল্লিক মহাশয়ের ভাগ্যে হিংস্র প্রকৃতি বহু জীবের সার্কাসে যেমন খুব শক্ত সামর্থ্যসম্পন্ন রিং মাষ্টারের অভাবে একজন সাধু ব্যক্তিকে দিয়া হিংস্র জন্তুর খেলা দেখান অসম্ভব হয় তেমনি স্পীকারী জুটিল। জবরদস্ত স্পীকার না থাকিলে শয়তান অসভ্যের দল সভ্যতা ত্যাগ ক'রে যদিচ্ছা নীতি বিরুদ্ধ কাজ করিতে সাহস পায়। এবারের অধিবেশনের পূর্ব্বেই প্রকাশ পায় যে বিরোধীদল গত কলিকাতার আইনানুগ হত্যাকাণ্ডের হত নরনারীর জন্য শোকজ্ঞাপক ব্যাজ পরিয়া যাইবেন। বিধান সভার বিধাতা তাদের সবকে তাক লাগাইবার জন্য প্রত্যেক সদস্যের আসনের নিকট কোন ঐশ্বর্য্য-সম্পন্ন দেশের অনুকরণে বলিবার ও শুনিবার যন্ত্রাদিতে সাজাইয়া বাসর সজ্জার মত সজ্জিত করিবার ব্যবস্থা করিয়াছিলেন। সব মাটি হয়ে গেল। দক্ষ যজ্ঞ যেমন ভূতের তাণ্ডবে একদম লণ্ডভণ্ড হইয়া যায় তেমনি সব নষ্ট হইয়া গেল। অসভ্য সভ্যেরা শেষ পর্য্যন্ত নিজেদের মধ্যে জুতো ছুঁড়াছুঁড়ি করিয়া মহা কীর্ত্তি রাখিয়াছেন। পাদুকা তাঁহাদের যুদ্ধের আয়ুধরূপে ব্যবহার করা হইয়াছে। যোধগণ ছিলেন বিবদমান দুই দলের কমিউনিষ্ট ও কংগ্রেস দলভুক্ত। কমিউনিষ্টগণ নিশ্চয় বর্ত্তমান রুশ রাজ্যের প্রধান মন্ত্রী "মঃ নিকিতা ক্রুশ্চেভ" এর নাম জানেন। তিনি সমস্ত বিশ্বে শান্তি স্থাপনের জন্য যাহা কোন যুগে সম্ভব হয় নাই তাহাই করিতে আজ প্রধান প্রতিযোগী মার্কিন রাজ্যে গিয়া যাহাতে সারা বিশ্বে নিরস্ত্রীকরণ সুসম্পন্ন হয় তাহার জন্য অকপটে শত্রু মিত্র সকলের নিকট খোলা প্রাণ লইয়া সারা জগতের বিস্ময় উৎপাদন করিতেছেন যে সময়ে সেই সময়ে পশ্চিম বঙ্গের কমিউনিষ্টরা কংগ্রেসীদলসহ পাদুকা যুদ্ধে অবতীর্ণ হইয়া চিরস্মরণীয় হইবার চেষ্টা করিতেছেন। কিম্বা নিরস্ত্রীকরণ হইলে যুদ্ধ থামিবেনা বলিয়া এই নূতন যুদ্ধ প্রণালী দেখাইয়া জগৎকে মুগ্ধ করিবার প্রয়াস পাইয়াছেন। ইঁহাদের মধ্যে অকংগ্রেসী কোন বীর তাহার স্থির লক্ষ্যের পরীক্ষা দিয়াছেন। পশ্চিম বঙ্গের পুলিশ মন্ত্রী যখন বক্তৃতা করিতেছিলেন শোনা যাইতেছে তাঁর উত্তমাঙ্গ তাক করিয়া এঁদের এই নূতন আয়ুধ প্রয়োগ করিতে সমর্থ হইয়া মনে মনে গৌরব অনুভব করিতেছেন।

প্রবীণ ডেপুটি স্পীকার এই জুতোজুতি কাণ্ড যেন সাধারণ লোকে না দেখে তজ্জন্য মঙ্গলবার হইতে দর্শকগণের প্রবেশ নিষেধ করার নির্দ্দেশ দিয়াছেন। এই অন্নের অভাবের দিনে সরকারের আয় খুব বেশী হইত যদি তিনি দর্শকদের প্রবেশ মূল্য নির্দ্ধারণ করিয়া দিতেন। আর বিবদমান সভ্যদের এই পালোয়ানী কেরামত দেখান হইবে বলিয়া প্ল্যাকার্ডের ব্যবস্থা করিতেন।

———

## রাষ্ট্রসঙ্ঘে মঃ ক্রুশ্চেভের বক্তৃতা, সহযোগিতা ও সহ-অবস্থানের আবেদন

## ইহা শ্রীক্রুশ্চেভের জগতের জন্য তর্পণ

### তাঁর কামনা

## "জগৎ ভূপ্যতু"

—০—

রাষ্ট্রসঙ্ঘ ১৮ই সেপ্টেম্বর :—সোভিয়েট প্রধান মন্ত্রী মঃ নিকিতা ক্রুশ্চেভ অদ্য রাষ্ট্রসঙ্ঘ সাধারণ পরিষদে বলেন, চার বৎসরের মধ্যে সকল দেশকে সম্পূর্ণরূপে নিরস্ত্র হইতে হইবে।

তিনি তাঁহার প্রস্তাবগুলি মোটামুটি নিম্নলিখিতভাবে পেশ করেন :—

সমস্ত স্থলসৈন্য বাহিনী, নৌবাহিনী ও বিমান বাহিনী ভাঙ্গিয়া দিতে হইবে।

সেনাপতিদের পদ ও যুদ্ধমন্ত্রী দপ্তর বিলোপ করিতে হইবে। সামরিক শিক্ষা সংস্থাগুলি বন্ধ করিয়া দিতে হইবে। বৈদেশিক সামরিক ঘাঁটিগুলি উচ্ছেদ করিতে হইবে। আণবিক বোমা বিনষ্ট করিতে হইবে ও ভবিষ্যতে আণবিক বোমা নির্ম্মাণ নিষিদ্ধ করিতে হইবে।

মঃ ক্রুশ্চেভ গ্রীণউইচ সময় রাত্রি ৭-১০ মিনিটে ভারতীয় সময় রাত্রি ১২-৪০ মিনিট রাষ্ট্রসঙ্ঘ সাধারণ পরিষদে বক্তৃতা দিতে সুরু করেন। প্রথমেই তিনি রাষ্ট্রসঙ্ঘের মহান মঞ্চ হইতে তাঁহাকে বক্তৃতা করিতে সুযোগ দেওয়ার জন্য প্রতিনিধিদের ধন্যবাদ জানান। তিনি এই সম্মানে অধিকতর মুগ্ধ হইয়াছেন এইজন্য যে, আজ সোভিয়েট ইউনিয়নই নিরস্ত্রীকরণ সম্পর্কে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাবসমূহ পেশ করিবে।

রাষ্ট্রসঙ্ঘে কোন সোভিয়েট প্রধানের পদার্পণ এই প্রথম। মঃ ক্রুশ্চেভ আগমন করিবার এক ঘণ্টার বেশী সময়ের পূর্ব্ব হইতে জনতা রাষ্ট্রসঙ্ঘ ভবনের বিপরীত দিকের ফুটপাতে সমবেত হইয়াছিল। তিনি ওয়াল্ডর্ফ এষ্ট্রোরিয়া হোটেলে অবস্থান করিতেছেন.। রাষ্ট্রসঙ্ঘের সদস্য সংখ্যা ৮২ জন হইলেও আজ ৮১ জন উপস্থিত ছিলেন।

মঃ ক্রুশ্চেভ বলেন, যতদিন অস্ত্রশস্ত্র থাকিবে, যুবকদিগকে যুদ্ধ করিতে শিখান হইবে ও জেনারেল চীফগণ সামরিক অভিযান চালাইবে, ততদিন শান্তির নিশ্চয়তা নাই। সকল আন্তর্জ্জাতিক সমস্যা তখন অস্ত্র দ্বারা নয়, শান্তিপূর্ণ উপায়ে সমাধান হইবে। তিনি বলেন, পশ্চিমী শক্তিবর্গ যদি পূর্ণ ও সাধারণ নিরস্ত্রীকরণে সম্মত না হন, তবে সোভিয়েট ইউনিয়ন বিভিন্ন রাষ্ট্রের সহিত আংশিক চুক্তি পালনের জন্য আলোচনা করিতে প্রস্তুত আছে। (১) পশ্চিম ইউরোপে বিদেশী সৈন্য হ্রাস করিয়া একটি নিয়ন্ত্রণ ও তদারকী অঞ্চল সৃষ্টি।

(২) মধ্য ইউরোপে একটি আণবিকমুক্ত অঞ্চল সৃষ্টি। (৩) সকল বিদেশী সৈন্য প্রত্যাহার ও ঘাঁটী বিলোপ। (৪) নাটো শক্তিবর্গ ও ওয়ারশ চুক্তিভুক্ত জাতিগুলির মধ্যে অনাক্রমণ চুক্তি।

তিনি শিল্পের দিক হইতে অনুন্নত দেশগুলিকে সাহায্য দিবার জন্য রাষ্ট্রসঙ্ঘকে আবেদন জানান ও অর্থ সাহায্য দানে সোভিয়েট ইউনিয়নের সহযোগিতার প্রতিশ্রুতি দেন।

ক্রুশ্চেভের বক্তৃতার পর মার্কিণ পররাষ্ট্র-সচিব মিঃ খৃষ্টান হার্টার বলেন, নিকিতা ক্রুশ্চেভ সাধারণ পরিষদে নিয়ন্ত্রীকরণের যে পরিকল্পনা দিয়াছেন, তাহা কোন নূতন প্রস্তাব নয়।

মঃ ক্রুশ্চেভ বলেন, ৮০র অধিক রাষ্ট্র রাষ্ট্রসঙ্ঘে ঐক্যবদ্ধ হইয়াছে। যে উদ্দেশ্য লইয়া রাষ্ট্রসঙ্ঘ গঠিত হয়, তাহা সফল হয় নাই। ভবিষ্যৎ সম্পর্কে জনগণের মনে এখনও আশঙ্কা আছে। বিশ্বের বিভিন্ন অংশে সামরিক সঙ্ঘর্ষ বাধিতেছে এবং বিশ্বের উপর যুদ্ধের কৃষ্ণছায়া এখনও বর্ত্তমান, অথচ গত যুদ্ধের শহীদদের কথা বিশ্ববাসী এখনও ভোলে নাই। এই উত্তেজনা হয় পৃথিবীকে নূতন যুদ্ধের দিকে ঠেলিয়া দিবে অথবা বিশ্বের সকল রাষ্ট্র উহার অবসান ঘটাইতে সক্ষম হইবে। মানব সমাজ আশা করে যে, রাষ্ট্রসঙ্ঘ বিভিন্ন রাষ্ট্রের মধ্যে আস্থার ভাব গড়িয়া তোলার জন্য, বোঝাপড়া ও শান্তির বনিয়াদ দৃঢ় করার জন্য দ্বিগুণ উৎসাহে কাজ করিবে। বিশ্বকে বিভক্ত করার জন্য নয়, ঐক্যবদ্ধ করার অধিকতর মনোনিবেশ করিলে সাফল্য সম্ভব। মত পার্থক্য যেন কোনক্রমেই শান্তিপূর্ণসহ অবস্থান ও বন্ধুত্বপূর্ণ সহযোগিতার পথে বাধা সৃষ্টি না করে।

তিনি বলেন, একের পর একটি আন্তর্জ্জাতিক সমস্যা সমাধানের জন্য আন্তর্জ্জাতিক আলোচনা, বৈঠক ও সম্মেলন অনুষ্ঠানের সময় আসিয়াছে। শান্তিপূর্ণ সহ-অবস্থানের নীতি প্রতিষ্ঠার জন্য ঠাণ্ডা যুদ্ধের অবসান করা প্রয়োজন। ঠাণ্ডা যুদ্ধের কারণগুলি রাষ্ট্রসঙ্ঘ যদি দূর করিতে পারে, তবে উহার মহৎ উদ্দেশ্য সফল করিতে সে সক্ষম হইবে। এই ঠাণ্ডাযুদ্ধই লাল চীনকে রাষ্ট্রসঙ্ঘে তাহার বৈধ আসন গ্রহণ করিতে বাধা দিতেছে। চীনকে রাষ্ট্রসঙ্ঘে তাহার ন্যায়সঙ্গত আসন গ্রহণ করিতে দিতে হইবে। এই সময় সদস্যগণ হর্ষধ্বনি করেন। তিনি বলেন, চীন তাইওয়ান নয়, উহা চীনা গণপ্রজাতন্ত্র। গত দশ বৎসরে উহা ধীরে ধীরে শ্রীবৃদ্ধিলাভ করিয়াছে। উহার শক্তিশালী সরকার চীনা জনগণ কর্ত্তৃক স্বীকৃত। শীঘ্র অথবা বিলম্বে তাইওয়ান চীনের জনগণের সহিত ঐক্যবদ্ধ হইবে।

---

## রুশভেল্টের সমাধিতে মাল্যার্পণ

হাইড পার্ক (নিউইয়র্ক), ১৮ই সেপ্টেম্বর :— রুশ প্রধানমন্ত্রী মঃ ক্রুশ্চেভ অদ্য এখানে পরলোকগত মার্কিণ প্রেসিডেণ্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্টের সমাধি স্তম্ভের সম্মুখে নীরবে দণ্ডায়মান হন এবং শ্রদ্ধায় মস্তক অবনত করেন।

সোভিয়েট নেতা উক্ত সমাধি স্তম্ভে একটি পুষ্পমাল্য (৭ ফুট) অর্পণ করেন। উহাতে একটি কার্ড সংযুক্ত থাকে, যাহাতে লেখা ছিল, "মার্কিণ যুক্তরাষ্ট্রের বিশিষ্ট রাজনীতিজ্ঞ জনগণের অগ্রগতি ও শান্তি প্রচেষ্টার মহান নায়ক প্রেসিডেণ্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্টকে।

হাইড পার্কে ক্রুশ্চেভ ও তাঁহার পত্নী ৫৭ মিনিট কাটান।

---

## মিষ্টান্ন ব্যবসায়ীর পরলোক

গত ২রা আশ্বিন শনিবার রাত্রি ১১ ঘটিকার সময় রঘুনাথগঞ্জের প্রবীণ মিষ্টান্ন ব্যবসায়ী শ্রীরজনীকান্ত সাহা মহাশয় হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় পরলোক গমন করিয়াছেন। রাত্রি ৯ ঘটিকা পর্য্যন্ত তিনি তাঁহার পুত্রের মনোহারী দোকানে বসিয়াছিলেন। কয়েক বৎসর হইতে তিনি অবসাদগ্রস্ত হইয়াছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৩ বৎসর হইয়াছিল। তিনি দুই পুত্র, তিন কন্যা ও অনেকগুলি নাতি-নাতিনী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## সরকারী বিজ্ঞপ্তি

যে সকল ব্যক্তি পাবলিক ক্যারিয়র পারমিটের জন্য ও ষ্টেজ ক্যারেজ, কন্‌ট্রাক্ট ক্যারেজ ও পাবলিক ক্যারিয়রের পারমিটের পুনর্নবীকরণের জন্য দরখাস্ত করিয়াছেন, তাঁহাদের নামের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের নোটিস বোর্ডে ও সে সঙ্গে জেলার প্রত্যন্তবর্ত্তী মহকুমার আধিকারিকদের নোটিস বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন অভিযোগ থাকিলে এই নোটিস প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। স্বাঃ—এ, সি, চ্যাটার্জি, সেক্রেটারি, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

## বাগান ও জমি বিক্রয়

থানা রঘুনাথগঞ্জ মৌজা ওসমানপুর মধ্যে হাই-রোড সংলগ্ন আয়কর ফলবান কলমবাগান ৬৷৹ বিঘা, এবং সিঙ্গার মাঠের উৎকৃষ্ট কৃষি জমি ৬৮৹ বিঘা বিক্রয় হইবে। গ্রাহকগণ নিম্নলিখিত ঠিকানায় সাক্ষাতে বা পত্রালাপে সমস্ত সংবাদ জানিতে পারিবেন।


শ্রীসুরেন্দ্রনাথ দত্ত, সাং জোতকমল।
পোঃ জঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

---

WANTED a temporary graduate teacher for the Barala R. D. S. H. School. Apply to the Secretary before the 30th. Sept. 1959.

Secretary,
P. O. Barala, Murshidabad.

---





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

(KA-10)

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *


**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।